দৈনিক জনকণ্ঠ
তারিখ 10 MAR 2015
পৃষ্ঠা ১ কলাম

বিজয় —এএফপি

# টেস্টে ফেল করলেও পরীক্ষা দেয়া যাবে– এ সিদ্ধান্ত আত্মঘাতী

বিভাষ বাড়ৈ ॥ নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় ফেল করলেও সমস্যা নেই, ক্লাসে ৭০ শতাংশ উপস্থিতি থাকলেই দেয়া যাবে এসএসসি ও এইচএসসি পরীক্ষা–শিক্ষা মন্ত্রণালয়ের এমন ঘোষণায় অসন্তোষ ছড়িয়ে পড়েছে। শিক্ষার মানের সঙ্কটের মধ্যেই এমন ঘোষণা নিয়ে প্রশ্ন তুলেছেন বিশিষ্ট শিক্ষাবিদ, শিক্ষক ও অভিভাবকরা। একে আত্মঘাতী সিদ্ধান্ত অভিহিত করে অবিলম্বে এটি বাতিলের দাবি জানিয়ে তারা বলেছেন, মন্ত্রণালয়ের এই সিদ্ধান্ত পড়ালেখা থেকে শিক্ষার্থীদের দূরে ঠেলে দেবে। পড়ালেখা বাদ দিয়ে কোনমতে ক্লাস উপস্থিতিতেই মনোযোগী হবে শিক্ষার্থীরা। নির্বাচনী পরীক্ষাকে কেন্দ্র করে শিক্ষার্থীদের পড়ালেখা বন্ধ হয়ে যাবে। এর ফলে পাবলিক পরীক্ষার সামগ্রিক ফল খারাপ

**এসএসসি ও এইচএসসি পরীক্ষা নিয়ে মন্ত্রণালয়ের ঘোষণায় শিক্ষাবিদ, শিক্ষক, অভিভাবকদের তীব্র প্রতিক্রিয়া**

হতে বাধ্য। এ ছাড়া এই সিদ্ধান্তের ফলে পাবলিক পরীক্ষার প্রস্তুতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচনী পরীক্ষা পুরোপুরি গুরুত্বহীন হয়ে পড়বে। সিদ্ধান্তের বিরুদ্ধে

*(২ পৃষ্ঠা ১ ক: দেখুন)*

সরকার
য়
নবাগিচা, ঢাকা।
রার বিধান অনুযায়ী
ই.এন সনদ প্রদর্শন
তার দৃষ্টি আকর্ষণ করছি।
য় রাখা বাধ্যতামূলক
বিধান অনুযায়ী সকল
র্শন বাধ্যতামূলক। উক্ত
তা সহজেই দৃষ্টিগোচর
সা/পেশাজীবী প্রতিষ্ঠান
ব্যর্থ হন তবে আয়কর
মানার বিধান রয়েছে।
াধীন এলাকায় জরিপ
ারের জন্য টি.আই.এন
সার্বক্ষণিকভাবে প্রদর্শন
কেয়া খাতুন
র কমিশনার
ঞ্চল-১১, ঢাকা।